৪৫তম বিসিএসের মৌখিক পরীক্ষার সময়সূচি প্রকাশ করেছে পিএসসি



সংগৃহীত ছবি

৪৫তম বিসিএসের লিখিত পরীক্ষায় সাময়িকভাবে উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ১২ অক্টোবর থেকে শুরু হবে। প্রতিদিন সকাল ১০টা থেকে আগারগাঁওয়ের পিএসসির প্রধান কার্যালয়ে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রার্থীদের প্রয়োজনীয় সনদপত্র, ফরম-১ এবং অন্যান্য কাগজপত্র জমা দেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে।

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (বিপিএসসি) ৪৫তম বিসিএসের লিখিত পরীক্ষায় সাময়িকভাবে উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচি প্রকাশ করেছে। সোমবার (২৯ সেপ্টেম্বর) বিকেলে কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক মাসুমা আফরিন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তি অনুসারে, মৌখিক পরীক্ষা আগামী ১২ অক্টোবর শুরু হয়ে ২৩ অক্টোবর পর্যন্ত চলবে। পরীক্ষা অনুষ্ঠিত হবে রাজধানীর শেরেবাংলা নগরের আগারগাঁওয়ে অবস্থিত পিএসসির প্রধান কার্যালয়ে। প্রতিদিন সকাল ১০টা থেকে প্রার্থীদের মৌখিক পরীক্ষা নেওয়া হবে।

লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে সাধারণ ক্যাডারের ১ হাজার ৪১৬ জন এবং সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের ৮৩১ জন প্রার্থী নির্ধারিত সময়সূচি অনুযায়ী পরীক্ষায় অংশ নেবেন।

পরীক্ষার দিন প্রার্থীদের অবশ্যই কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা বিপিএসসি ফরম-১, প্রয়োজনীয় সব সনদপত্রের সত্যায়িত কপি (দুই সেট) এবং মূল সনদ সঙ্গে আনতে হবে। নির্ধারিত কাগজপত্র জমা না দিলে প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তিনি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

বিজ্ঞপ্তিতে প্রার্থীদের সতর্ক থাকতে এবং মৌখিক পরীক্ষার সময়সূচি ও প্রয়োজনীয় কাগজপত্র যথাসময়ে প্রস্তুত রাখার আহ্বান জানানো হয়েছে।